

West Bengal State University
B.A./B.Sc./B.Com (Honours, Major, General) Examinations, 2014

PART - I

বাংলা — সাধারণ

প্রথম পত্র

সময় : ৩ ঘন্টা]

[পূর্ণমান : ১০০

উত্তর যথাসন্তুষ্ট নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের দ্যোতক।

১। যে কোন তিনটি প্রশ্নের উত্তর দাও :

৩ × ১৮ = ৫৪

- ক) বাংলা গদ্যের সূচনাপর্বে ফোর্ট উইলিয়াম কলেজের লেখকগোষ্ঠীর অবদান ও তাঁদের রচনার বিষয়বৈচিত্র্য আলোচনা করো।
- খ) কবি ঈশ্বরচন্দ্র গুপ্তকে ‘যুগসন্ধির কবি’ বলার সাহিত্যগত ও ইতিহাসগত তাৎপর্য বিশ্লেষণ করো।
- গ) বাংলা নাট্যসাহিত্যের ইতিহাসে দীনবন্ধু মিত্রের কৃতিত্ব বিচার করো।
- ঘ) বাংলা উপন্যাসে রবীন্দ্রনাথের অবদান সম্পর্কে আলোচনা করো।
- ঙ) বাংলা ছোটগল্প রচনায় মানিক বন্দ্যোপাধ্যায়ের শ্রেষ্ঠত্বের মূল্যায়ন করো।

- চ) বাংলার সাহিত্যের ইতিহাসে উনিশ শতকের পটভূমিতে বিভিন্ন সাময়িক পত্রের উদ্বৃত্তের কারণ ও
তাদের সুদূরপ্রসারী প্রভাব সম্পর্কে আলোকপাত করো। ৯ + ৯
- ২। যে কোন চারটি বিষয় সম্পর্কে সংক্ষিপ্ত টিকা লেখো : $8 \times 8 = 16$
 বিষবৃক্ষ, সীতার বনবাস, বীরাঙ্গনা কাব্য, সারদামঙ্গল, সাজাহান, ডাকঘর, আরণ্যক, কপালকুণ্ডলা, হতোম
পঁয়াচার নকশা, প্রফুল্ল।
- ৩। উদাহরণসহ যে কোন দুটি বিষয়ে টিকা লেখো : $2 \times 5 = 10$
 উৎপ্রেক্ষা, লুপ্তেপমা, শব্দশ্লেষ, নিরসরূপক, বাতিরেক, অনুপ্রাস, সার্থক যমক।
- ৪। যে কোন একটি প্রশ্নের উত্তর দাও : $1 \times 20 = 20$
 ক) ট্যাজেডি বলতে কী বোঝো ? ট্যাজেডির বিভিন্ন বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে একটি সার্থক বাংলা
ট্যাজেডি সম্পর্কে আলোচনা করো। ৮ + ৬ + ১০
- অথবা
- খ) যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$
 অ) মহাকাব্য কাকে বলে ? মহাকাব্য মূলত কয় প্রকার ? একটি বাংলা সাহিত্যিক
মহাকাব্য সম্পর্কে আলোচনা করো। ৩ + ২ + ৫

আ) ঐতিহাসিক নাটকের লক্ষণগুলি আলোচনা করে একটি বাংলা ঐতিহাসিক নাটকের
পরিচয় দাও। 8 + ৬

ই) উপন্যাস ও ছোটগল্পের বিষয় ও আঙ্গিকগত স্বাতন্ত্র্য বুঝিয়ে দাও।

ঞ) যে কোন দুটি বিষয়ে সংক্ষিপ্ত টিকা লেখো : $2 \times 5 = 10$

- i) কমেডি নাটক
 - ii) রম্য রচনা
 - iii) সামাজিক নাটক
 - iv) রোম্যান্সের বিষয়।
-